গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫, কলেজ রোড, ঢাকা।
www.jati.gov.bd

সম্মানীত প্রশিক্ষণার্থীগণ,

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ এর গত ২৫/০৩/২০২৫ খ্রিস্টাব্দ তারিখের ১০.০০.০০০০.০০০.১৫১.২৫.০০০৫.২৫.৩৮নং স্মারকমূলে আগামী ইং ২০/০৪/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ হতে অনুষ্ঠিতব্য ৫০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের জন্য আপনাদেরকে মনোনীত করা হয়েছে।

**প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আবশ্যিকভাবে অনুসরনীয় নির্দেশনাবলী:**

১। ১১ এপ্রিল ২০২৫ হতে ১৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত Online Registration এর জন্য ইনস্টিটিউটের Website খোলা থাকবে। উক্ত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন করতে হবে।

২। প্রশিক্ষণকালীন অনুসরণীয় নিয়মাবলী অনলাইনে ০৯/০৪/২০২৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে আপলোড করা হবে।

৩। আপলোডকৃত নিয়মাবলী মনোযোগ সহকারে পড়ার জন্য নির্দেশ দেয়া গেল।

৪। রেজিস্ট্রেশন এর সাথে সংযুক্ত নিয়মাবলী সংক্রান্ত ফরম পূরণ করতে হবে। সংশ্লিষ্ট প্রশিক্ষণকালীন অনুসরণী নিয়মাবলীর উপর একটি সংক্ষিপ্ত পরীক্ষা অনলাইনে (Google doc form) দিতে হবে যা রেজিস্ট্রেশনের পূর্ব শর্ত বলে গণ্য হবে। অনলাইন পরীক্ষায় ন্যুনতম ৮০% নম্বর অর্জিত না হলে পুনরায় পরীক্ষা দিতে হবে। বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য অনলাইন পরীক্ষায় পাশ করা বাধ্যতামূলক।

৫। বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের পুরো সময় (৩ মাস) ইনস্টিটিউট এর ডরমিটরীতে থাকা বাধ্যতামূলক।

৬। প্রত্যেককে ব্যক্তিগতভাবে হাজির হয়ে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে রিপোর্ট করতে হবে। রিপোর্টিং সময় ১৮ এপ্রিল ২০২৫ দুপুর ১২টা হতে ১৯ এপ্রিল ২০২৫ রাত ৮ পর্যন্ত। রিপোর্টিং স্থান: ইনস্টিটিউটের নীচতলা, রুম নং-১০৫। কেয়ারটেকার জনাব মোঃ খায়রুল আলম (ফোন নম্বর: ০১৭৮১-৯১০২৯৭), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের পক্ষে রিপোর্টের দায়িত্বে থাকবেন।

৭। ৬ দফায় উল্লেখিত সময়ের পর যৌক্তিক কারণ উল্লেখ ব্যতীত রিপোর্টিং গ্রহনযোগ্য হবে না। নির্ধারিত সময়ের পর আসলে কোর্সে অনুপস্থিত বলে গণ্য হবে।

৮। বিশেষভাবে উল্লেখ্য যে, প্রত্যেক প্রশিক্ষণার্থীকে দোতরফা সূত্রে নিষ্পত্তিকৃত ১টি দেওয়ানী অথবা ১টি ফৌজদারী মামলায় প্রদানকৃত রায়ের ফটোকপি সাথে আনার জন্য নির্দেশ দেয়া হলো। দেওয়ানী মামলায় প্রদত্ত রায়ের সাথে সংশ্লিষ্ট আরজি, লিখিত জবাব, সাক্ষির জবানবন্দি ও জেরার ফটোকপিও দিতে হবে। ফৌজদারী মামলার ক্ষেত্রে প্রদত্ত রায়ের সাথে

সংশ্লিষ্ট নালিশি দরখাস্ত, FIR, চার্জশীট, চার্জ ফরম, সাক্ষির জবানবন্দি- জেরা, ৩৪২ ধারায় গৃহীত আসামী পরীক্ষার ফরমের কপি রায়ের সাথে দিতে হবে।

রায়ের কপির সাথে উল্লেখিত কাগজাদি বাঁধাই পূর্বক ২০/০৪/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৮:৩০ মিনিট রেজিস্ট্রেশনকালীন ইনস্টিটিউটের হল রুম এ (২য় তলা, লিফ্‌ট-১) এ জমা দিতে হবে।

৯. রায়ের কপি ও সংশ্লিষ্ট কাগজাদির (৮ নং দফা উল্লেখিত) soft copy অনলাইন রেজিস্ট্রেশনের পরে নাম, পদবী ও কর্মস্থল উল্লেখ পূর্বক Email no. trainingwing.jati@gmail.com এ পাঠানোর জন্য নির্দেশ দেয়া গেল।

১০. প্রশিক্ষণ চালাকালীন শ্রেণীকক্ষের জন্য নির্ধারিত আনুষ্ঠানিক পোশাক পরা বাধ্যতামূলক। প্রতিদিনের শরীর চর্চা, ইয়োগা এবং খেলাধূলার জন্য প্রত্যেক পুরুষ প্রশিক্ষণার্থীগণকে সাদা ট্রাকস্যুট, সাদা টি-শার্ট, (কলারসহ), ট্রাউজার, স্পোর্টস সু এবং নারী প্রশিক্ষণার্থীগণকে সাদা সালোয়ার কামিজ, ওড়না এবং স্পোর্টস সু নিয়ে আসার জন্য নির্দেশ দেয়া হলো।

১১. ইনস্টিটিউটে নিজস্ব ব্যবহারের জন্য ব্যাডমিন্টন নিয়ে আসতে পারবেন।

১২. প্রশিক্ষণ শুরু হবার পরে কিট এলাউন্স বাবদ বরাদ্দকৃত অর্থ প্রদান করা হবে।

১৩. সন্তানসহ আগত প্রশিক্ষণার্থীগণের সাথে ১ জনের অধিক পরিচর্যাকারী অনুমোদনযোগ্য নয়।

আশা করি প্রশিক্ষণকাল আপনাদের জন্য আনন্দদায়ক হবে।

সবার জন্য শুভ কামনা।

**(মোঃ সাব্বির ফয়েজ)**
(পরিচালক (প্রশিক্ষণ)
(জেলা ও দায়রা জজ)
ফোন ঃ (০২-৪১০৫৩৪৮৭)